

- ৫। বাঙালির জাতিগত সংস্কৃতির সঙ্গে সমুদ্রযাত্রার সংযোগ অথবা বিরোধের যে কালানুক্রমিক বিবর্তন প্রমথ চৌধুরী দেখিয়েছেন, সেই বিষয়টি পাঠ্য প্রবন্ধ অবলম্বনে বিশ্লেষণ করো।

অথবা

- ৬। ভারতবর্ষের মতো বহুভাষাভিত্তিক দেশে জাতিগত ঐক্য অক্ষুণ্ণ রাখার জন্য যে ধরনের পস্থা এবং মনোভাব অবলম্বন করা উচিত বলে অন্নদাশঙ্কর রায় মনে করেছেন সেই বক্তব্যটি তাঁর ‘ভাষাভিত্তিক সংস্কৃতি’ প্রবন্ধ অবলম্বনে নিজের ভাষায় লেখো।

- ৭। প্রাতিষ্ঠানিক ধর্মের ঈশ্বর-ধারণা আর মানুষের ব্যক্তিগত ঈশ্বর-বোধের মধ্যে এক ধরনের টানাপোড়েন চলতে থাকে সৈয়দ মুজতবা আলীর ‘তীর্থহীনা’ নামের আখ্যানটিতে। এই মত কি তুমি মানবে? যুক্তিসহ আলোচনা করো।

অথবা

- ৮। ‘সুনন্দর জার্নাল’-এর একাধিক রচনায় কলিকাতা বিশ্ববিদ্যালয় এবং প্রাতিষ্ঠানিক বাংলা-বিদ্যাচর্চার সংকট ও সম্ভাবনার নানা ছবি ফুটে উঠেছে। আলোচনা করো।

কলা স্নাতক অন্ত্য-সিমেন্টার পরীক্ষা, ২০২২

(তৃতীয় বর্ষ, ষষ্ঠ সিমেন্টার)

বাংলা

কোর্স : ইউ.জি./৬.১

বিশ শতকের বাংলা গল্প ও অন্যান্য গদ্য

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর লেখো।

প্রশ্নগুলির মান সমান।

- ১। পরশুরামের ‘হনুমানের স্বপ্ন’ গল্পটিকে কি তুমি উৎসের পুনঃকথন বলবে না নবীনকথন? বাল্মীকি রামায়ণের কথা মনে রেখে যুক্তিসহ তোমার মত জানাও।

অথবা

- ২। ‘কলাপ মুগ্ধবোধ এবং পরবর্তী অন্যান্য গ্রন্থ ... আলমারিতে যাইয়া উঠিয়াছে। ... এখন সে পুরাপুরি একজন কবিরাজ’। ‘পয়োমুখম্’ গল্পের রসপরিণতির পক্ষে ভূতনাথের এই অধ্যয়ন-ইতিহাস কতটা প্রয়োজনীয় ছিল বলে তোমার মনে হয় আলোচনা করে বুঝিয়ে দাও।
- ৩। ভিখুর ঈর্ষাদন্ধ জিঘাংসামূলক মনোভাবের মূলে সক্রিয় তার ভোগ-আকাঙ্ক্ষা ও রিরংসা—তুমি কি ‘প্রাগৈতিহাসিক’ গল্পটি পড়ে এমনই মনে কর? যুক্তিসহ লেখো।

অথবা

- ৪। আত্মরক্ষার আদিম প্রবৃত্তির হাতে মানুষের প্রেম-নির্ভরতা কীভাবে পরাভূত হয়, তারই এক করুণ আখ্যান ‘তারিণী মাঝি’। — আলোচনা করো।